

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩১৪  
কুমারঘাট, ২৮ মে, ২০২৪

অতি বর্ষণে কুমারঘাট মহকুমায় কিছু নিম্নাঞ্চল প্লাবিত  
ত্রাণ শিবিরে ৭৩টি পরিবার

ঘূর্ণিঝড় রেমালের প্রভাবে কুমারঘাট মহকুমায় অতি বর্ষণের ফলে কিছু কিছু নিম্নাঞ্চল প্লাবিত হওয়ায় ৭৩টি পরিবার বিভিন্ন ত্রাণ শিবিরে আশ্রয় নিয়েছে। কুমারঘাট মহকুমা প্রশাসন থেকে তাদের আজ টিফিন ও খাবার দেওয়া হয়। এখন পর্যন্ত কুমারঘাট মহকুমার পুর এলাকায় আনন্দমার্গ স্কুল ও উত্তর পাবিয়াছড়া কলোনী হাইস্কুল, কুমারঘাট ব্লকের ফটিকরায় দ্বাদশ শ্রেণী বিদ্যালয়, সিদং বনপল্লী দ্বাদশ শ্রেণী বিদ্যালয়, কুকিছড়া জেবি স্কুল, কৃষ্ণনগর রাণী মন্দির হাই স্কুল এবং পৈঁচারথল ব্লকের আন্দারছড়া দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে ত্রাণ শিবির খোলা হয়েছে। এই ৭টি ত্রাণ শিবিরে ৭৩টি পরিবারের মোট ৩১৩ জন আশ্রয় নিয়েছেন। এদের মধ্যে পুরুষ ১১৩ জন, মহিলা ১০৫ জন ও শিশু রয়েছে ৯৫ জন। কুমারঘাট মহকুমা প্রশাসন থেকে এ সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*